



২০০৫ বিশ্ব শীর্ষ সম্মেলনে মহাসচিব কফি আনানের ড্রাফট

আমাদের মধ্যে মতানৈক্য যাই থাকুক না কেন পারস্পরিক নির্ভরশীল এই বিশ্বে আমরা একত্রে কাজ করব নতুবা ধ্বংস হয়ে যাব।

দারিদ্র্য, ব্যাধি, নিরক্ষরতা ও বৈষম্যের বিরুদ্ধে সংগ্রামের এ সকল প্রতিশ্রুতি বাস্তবায়নের উপরই নির্ভর করছে শত শত মানুষের জীবন ও স্বপ্ন।

প্রথমবারের মত আপনারা দ্বিধাদন্দ ছাড়াই গণহত্যা, যুদ্ধাপরাধ, জাতিগত নিধন এবং মানবতার বিরুদ্ধে অপরাধ থেকে জনগণকে রক্ষার সমষ্টিগত দায়িত্বের ব্যাপারে ঐকমত্যে পৌঁছেছেন।

চরম দারিদ্র্য ২০১৫ সালের মধ্যে অর্ধেকে নামিয়ে আনতে, গণহত্যার হুমকি আবারও দেখা দিলে তা প্রতিরোধে এবং যুদ্ধ বিধ্বস্ত দেশগুলোতে শান্তি নির্মাণে আগামী বছরগুলোতে আমাদের সাফল্যের হার পরীক্ষিত হবে।

সত্য কথা বলতে গেলে আমি এবং আরও অনেকেই যে দ্রুত ও মৌলিক সংস্কারের প্রয়োজনীয়তা অনুভব করছি তা এখনও অর্জিত হয়নি। কিছু মৌলিক মতবিরোধ এক্ষেত্রে বাঁধার সৃষ্টি করছে।

নিজ স্বার্থ রক্ষার খাতিরে গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসনের মৌলিক নীতিসমূহকে অগ্রাহ্য করলে আন্তর্জাতিক সংস্থাসমূহের উপর আস্থা হ্রাস পাবে।

এই ত্রুটিপূর্ণ বিশ্বে নিজ দায়িত্ব পরিপূর্ণভাবে পালনের জন্য প্রেসিডেন্ট রুজভেল্টের আহ্বানের কথা উল্লেখ করে মহাসচিব তার বক্তব্যের সমাপ্তিতে বলেন, আমরা এখনও হয়ত তা করতে সক্ষম হইনি। তবে আমি বিশ্বাস করি আমরা সকলেই এখন অনুধাবন করতে পারছি যে আমাদের তা করতে হবে।

আমাদের বিশ্ব এতই অসঙ্গতিপূর্ণ যে জাতিসংঘকে আমাদের বিশেষ প্রয়োজন।